

তারিখ 12 AUG 1992

পৃষ্ঠা ৮ কলাম ৭

16

শিক্ষার আইনগত অধিকার রক্ষা করতে হবে : হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশের ছাত্রসমাজ অন্যায়ের বিরুদ্ধে সব সময়ই সোচ্চার ভূমিকা পালন করেছে। অতীতের গৌরবোজ্জ্বল ধারা অনুসরণ করে আগামীতেও তারা দেশ ও জাতির আকাংক্ষার পরিপূরক শক্তি হিসাবে কাজ করে যাবে।

তিনি গতকাল (মঙ্গলবার) কৃষি বিশ্ববিদ্যালয় থেকে আগত একটি ছাত্র প্রতিনিধিদলের উদ্দেশ্যে বক্তৃতা করেন। প্রতিনিধিদলটি সংসদ ভবনে আওয়ামী লীগ নেত্রীর অফিস কক্ষে তার সঙ্গে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের ছাত্র নেতৃবৃন্দ কৃষি বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতি সম্পর্কে শেখ হাসিনার কাছে একটি যারকলিপি প্রদান করে।

শেখ হাসিনা অভিযোগ করেন, বর্তমান (৭-এর পৃঃ ২-এর কঃ দঃ)

হাসিনা

(প্রথম পৃষ্ঠার পর)

সরকার ক্ষমতায় আসার পর থেকে দেশের বিভিন্ন প্রতিষ্ঠান নির্বিচারে দলীয়করণের কাজ চালিয়ে যাচ্ছে। এ ক্ষেত্রে তারা যোগ্যতা-অযোগ্যতা, নিয়মনীতি কোন কিছুই তেয়াক্বা করছে না। শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে তাদের আক্রমণের অন্যতম লক্ষ্য। তিনি বলেন, শিক্ষাঙ্গনে শিক্ষার সৃষ্টি, পরিবেশ সৃষ্টির লক্ষ্যে জ্ঞান চর্চার পাদপীঠ বিশ্ববিদ্যালয়সহ সমগ্র শিক্ষাঙ্গনের আইনগত অধিকার সংরক্ষণ করতে হবে।

বিবৃতি

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা এক বিবৃতিতে তিতাস গ্যাসে সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদ জানান। তিনি অভিযোগ করেন, তিতাস গ্যাসের কার্যালয় ও প্রশাসন এখন সন্ত্রাসী ও চাঁদাবাজদের হাতে জিম্মি। এদের সৃষ্ট শেত-সন্ত্রাস ও বেহাচারিতায় তিতাস গ্যাসের মত একটি লাভজনক ও সেবা-মূলক জাতীয় প্রতিষ্ঠানে চরম নৈরাজ্যের সৃষ্টি হয়েছে এবং প্রতিষ্ঠানটি ধ্বংসের মুখোমুখি দাড়িয়েছে। তিনি চাকরিচ্যুত ও সাসপেন্ডকৃত কর্মচারীদের চাকরিতে পুনর্বহাল করে তিতাসে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার আহ্বান জানান।